“যে ব্যক্তি আল্লাহর রাস্তায় একটি তীর নিক্ষেপ করে, তার জন্য একটি গোলাম আজাদ করার সমান নেকী হয়।”

আমর ইবনে আবাসাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, “যে ব্যক্তি আল্লাহর রাস্তায় একটি তীর নিক্ষেপ করে, তার জন্য একটি গোলাম আজাদ করার সমান নেকী হয়।”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি
আহমাদ বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ: নিশ্চয় যে ব্যক্তি আল্লাহ শত্রুর দিকে একটি তীর নিক্ষেপ করে, তার জন্য আল্লাহর রাস্তায় একটি গোলাম আযাদকারীর সমান সাওয়াব নির্ধারিত। চাই সে তীর শত্রুকে আঘাত করুক বা না করুক। যেমন এটি সুনানে নাসাঈর বর্ণনা। যে ব্যক্তি আল্লাহর রাস্তায় একটি তীর নিক্ষেপ করল, চাই সে তীর শত্রু পর্যন্ত পৌঁছুক বা না পৌঁছুক। আর যদি তা দ্বারা শত্রুকে আঘাত করে তাহলে তার জন্য জান্নাতে একটি মরতবা রয়েছে। যেমন এটি সুনানে আবূ দাউদের বর্ণনা।যে ব্যক্তি আল্লাহর পথে তীর নিক্ষেপ করেছে, তার জন্য একটি মরতবা রয়েছে। আর আহমাদের বর্ণনায় রয়েছে “জান্নাতে”।

https://sunnah.global/hadeeth/bn/show/4194